Total No. of Printed Pages—7

**X/19/B (N)**

**2 0 1 9**

# BENGALI

( INDIAN LANGUAGE )

( New Course )

**( FOR REGULAR CANDIDATES ONLY )**

*Full Marks* : 80
*Pass Marks* : 24

*Time* : 3 hours

*General Instructions* :

(i) The Candidates are advised to attempt all questions accordingly.

(ii) Marks allocated to every question are indicated against each.

## বিভাগ—ক

১। বন্ধনী থেকে সঠিক শব্দ বেছে নিয়ে শূন্যস্থান পূর্ণ কর : ১×৩=৩

(ক) মৃত্যুঞ্জয় তান্ত্রিক-মতে তাহাদের বহুকালের গৃহদেবতা ______ পূজায় বসিয়াছে।

( মা কালীর/জয়কালীর/মা দুর্গার)

(খ) 'তোতা কাহিনী' পাঠের লেখক ______ ।

(সৈয়দ মুজতবা আলী/শঙ্কু মহারাজ/কামিনী রায়)

(গ) বেলা ______ সময় পূজা সমাপন করিয়া জলযোগান্তে বৈঠকখানায় আসিয়া বসিলেন।

(১০ টার/৮ টার/৯ টার)

২। *দু-একটি* শব্দে যে কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

(ক) জয়রাম মুখোপাধ্যায়ের পেশা কি ছিল?

(খ) মৃত্যুঞ্জয়ের পিতামহের নাম কী?

(গ) সদাগর কোন্ দেশের লোক ছিলেন?

(ঘ) জয়রামের আদি নিবাস কোথায় ছিল?

৩। *একটি* বাক্যে বা *একটি* শব্দে উত্তর দাও (যে কোনো **তিনটি**) : ১×৩=৩

(ক) 'গ্রাম্যছবি' কবিতার কবি কে?

(খ) শূন্যস্থান পূর্ণ কর :

আবার আসিব ফিরে ______ তীরে—এই বাংলায়

(গ) ‘‘আমি ত’ ছিলাম ঘুমে’’
এখানে ‘আমি’ বলতে কার কথা বলা হয়েছে ?

(ঘ) রাখাল কোথায় শুয়ে বিশ্রাম করে ?

৪। অনধিক *চারটি* বাক্যে যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ২

(ক) জয়রাম কার কাছে, কেন হাতী চেয়ে পাঠালেন ?

(খ) মৃত্যুঞ্জয়ের গৃহদেবতার মন্দিরটি কিরূপ পরিবেশে অবস্থিত ছিল তা লেখ।

৫। অনধিক *চারটি* বাক্যে যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ২

(ক) নবান্ন উৎসব কি ?

(খ) ‘গ্রাম্যছবি’ কবিতা অবলম্বনে গ্রামের দুপুর বেলার বর্ণনা দাও।

৬। অনধিক *ষোলোটি* বাক্যে যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) প্রবাসের বন্দি জীবন থেকে তোতা কিভাবে মুক্তি পেল তা ‘তোতাকাহিনী’ পাঠ অবলম্বনে বর্ণনা কর।

(খ) জয়রাম মুখোপাধ্যায়ের জীবন সম্পর্কে যা জান, লেখ।

৭। অনধিক *ষোলোটি* বাক্যে যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ৭

(ক) ‘গ্রাম্যছবি’ কবিতার সারমর্ম লেখ।

(খ) ‘আবার আসিব ফিরে’ কবিতার কবি কি কি রূপে বাংলাদেশে ফিরে আসতে চান, বিস্তৃতভাবে বর্ণনা কর।

## বিভাগ—খ

৮। *একটি* বাক্যে বা *একটি* শব্দে যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) শ্রীকান্তের বন্ধুটির নাম কী?

(খ) মেজদাদের বাড়ির দারোয়ান কাকে চোর বলে ধরেছিল?

(গ) ''এই তো চাই—সাঁতার জানলে আবার ভয় কিসের।'' বক্তা কে?

(ঘ) শ্রীকান্তের মেজদা কতবার এন্ট্রান্স পরীক্ষায় ফেল করেছিলেন?

(ঙ) শ্রীনাথের বাড়ি কোথায় ?

(চ) ইন্দ্রনাথ কাদের বাড়ির ছেলে?

৯। অনধিক *ষোলোটি* বাক্যে যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) শ্রীনাথ বহুরূপী কি কাজ করত? সে কেন শ্রীকান্তদের বাড়ি এসেছিল? তার উপস্থিতিতে যে ঘটনা ঘটেছিল তার বর্ণনা দাও।

(খ) ''চল তোকে রেখে আসি, কাপুরুষ।'' কে, কাকে উদ্দেশ্য করে এই উক্তিটি করেছে? এর কারণ বিশ্লেষণ করে লেখ।

## বিভাগ—গ

১০। নিম্নলিখিত প্রশ্নগুলোর উত্তর লেখ :

(ক) উদাহরণসহ সংজ্ঞা লেখ (যে কোনো **দুটি**) : ২×২=৪

বর্ণবিপর্যয়; অভিশ্রুতি; অপিনিহিতি; দ্বন্দ্ব সমাস; দ্বিগু সমাস।

(খ) ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ (যে কোনো **তিনটি**) : ২×৩=৬

স্বামী-স্ত্রী; রাজপুত্র; দশানন; রাজর্ষি; প্রতিগৃহে; চন্দ্রসূর্য; বজ্রপাণি।

(গ) নিম্নলিখিত শব্দযুগলের অর্থপার্থক্য লেখ (যে কোনো **চারটি**) : ১×৪=৪

আবরণ–আভরণ; দিন–দীন; বাণ–বান; অশ্ব–অশ্ম; নীর–নীড়।

(ঘ) সঠিক অর্থ নির্দেশ করে নীচে দেওয়া বাগ্‌ধারাগুলো দিয়ে বাক্য-রচনা কর (যে কোনো **দুটি**) : ২×২=৪

ইঁচড়ে পাকা; আঁতে ঘা; অমাবস্যার চাঁদ; কলুর বলদ; আকাশকুসুম।

(ঙ) বাক্যসংকোচন কর (যে কোনো **চারটি**) : ১×৪=৪

পক্ষীর কলরব; বিষ্ণুর উপাসক; লাভের ইচ্ছা; দর্শনের যোগ্য; ইন্দ্রিয়কে জয় করেছে যে; মালা প্রস্তুত করে যে।

## বিভাগ—ঘ

১১। নিম্নলিখিত অনুচ্ছেদটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও (প্রতিটি উত্তর **দুটি** বা **তিনটি** বাক্যের মধ্যে করতে হবে।) : ২×৪=৮

১৮৮৮ সালে প্রফুল্লচন্দ্র দেশে ফিরে এলেন। কিছুদিনের মধ্যেই প্রেসিডেন্সি কলেজে রসায়ন বিভাগের সহকারী অধ্যাপক হিসেবে যোগ দিলেন তিনি। একদিকে শিক্ষকতা আর অন্যদিকে গবেষণা—এই দুটি কাজই তিনি একসঙ্গে করে যেতে লাগলেন। এদেশে তখন রসায়ন নিয়ে গবেষণা ভাল করে শুরুই হয়নি। বলতে গেলে প্রফুল্লচন্দ্রই সেটা শুরু করেন। দিনরাত পরিশ্রম করে অবশেষে ১৮৯৫ সালে তিনি আবিষ্কার করলেন মার্কিউরাস নাইট্রাইট নামে একটি যৌগ। পারদ নিয়ে যারা গবেষণা করবে তাদের কাছে এই যৌগটির মূল্য খুবই বেশি। তাঁর এই আবিষ্কার দেশে বিদেশে আলোড়ন তুলল। পণ্ডিতরা অকুণ্ঠ প্রশংসা করলেন তাঁর।

(ক) কত সালে দেশে ফিরে এলেন প্রফুল্লচন্দ্র? ২

(খ) তিনি কোন্ কলেজে সহকারী অধ্যাপক হিসেবে যোগ দিয়েছিলেন? ২

(গ) কোন্ দুটি কাজ তিনি একসঙ্গে করে যেতে শুরু করেছিলেন? ২

(ঘ) কোন্ আবিষ্কারের জন্য তিনি পণ্ডিতদের অকুণ্ঠ প্রশংসা পেয়েছিলেন? ২

১২। নিম্নলিখিত যে কোনো **একটি** বিষয় অবলম্বন করে প্রবন্ধ লেখ (২৫০ শব্দের মধ্যে) : ১০

(ক) জনসেবা ও ছাত্রসমাজ


(খ) তোমার প্রিয় কবি

(গ) বাংলার উৎসব

(ঘ) তোমার জীবনের লক্ষ্য

*অথবা*

নীচের ছবিটি দেখে ছবিটির বিস্তৃত বর্ণনা দাও অথবা ছবিটি তোমার মনে যে ভাব ফুটিয়ে তুলেছে তা স্পষ্ট করে লেখ : ১০



*অথবা*

নিম্নলিখিত সংকেত সূত্রগুলো অবলম্বন করে একটি গল্প রচনা কর (কেবলমাত্র দৃষ্টিহীন ছাত্র-ছাত্রীদের জন্য) : ১০

আবিষ্কারক কলম্বাসের সংবর্ধনার জন্য ভোজসভা—কলম্বাস কর্তৃক অভিজ্ঞতা বর্ণন—সকলেই মুগ্ধ শ্রোতা—একজন ঈর্ষান্বিত সম্ভ্রান্ত ব্যক্তি—সকলেই অনুরূপ আবিষ্কার করিতে পারিত—কলম্বাস টেবিল হইতে ডিম লইলেন—কেহ ডিমটি দাঁড় করাইতে পারিল না—কলম্বাস পদ্ধতিটি দেখাইয়া দিলেন—কলম্বাস বলিলেন দেখাইয়া দিলে সকলেই পারে—পথিকৃতের মর্যাদা।

★★★